গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং- ৩২.০১.৩২৩০.০০৩.৩১.০০১.৮৫৮ তারিখঃ-২৮/০৭/২০২৬ খ্রিঃ।

সূত্র: ৩২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০১.২৪.৩ তারিখ: ২৬ জুলাই ২০২৬
সূত্র: ৩২.০১.০০০০.০০০.০১৮.০২৫.০৯৭.২৬.৯৩ তারিখ: ২১/০৭/২০২৬

বিষয় ঃ **নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির নাবায়ন ফি "এ চালান" (A-Challan) এর মাধ্যমে জমা প্রদান।**

উপযুর্ক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোবিন্দগঞ্জ উপজেলাধীন নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থা সমূহের মাঝে ২০২৬-২০২৭ অর্থ বছরের অনুদান বিতরণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সে লক্ষ্যে আগামী ১৫/০৮/২০২৬খ্রি: তারিখের মধ্যে সমিতির নবায়ন **ফি "এ চালান" (A-Challan)** এর মাধ্যমে জমা প্রদান পূর্বক অনুদান ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ আগামী ৩০/০৮/২০২৬খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর কোন কাগজপত্র জমা নেওয়া হবে না।

28/07/26

(মোছাঃ ফারজানা ইয়াসমিন)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

সভানেত্রী/সম্পাদিকা

---------------------------------------------------- সমিতি/সংস্থা।
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:
১। উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।
৩। অফিস কপি।

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

www.dwa.gov.bd

স্মারক নং-৩২.০১.০০০০.০০০.০১৮.০২৫.০৯৭.২৬.৯৩ তারিখ: ২১/০৭/২০২৬

## স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের (সাধারণ, ঘূর্ণায়মান ও স্বেচ্ছাধীন) অনুদান বিতরণের লক্ষ্যে নির্ধারিত ফরমে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| অনুদানের শ্রেণি | আবেদন দাখিলের সময়সীমা | আবেদন দাখিলের স্থান | ফরম | আবেদন ফরম প্রাপ্তি স্থান |
|---|---|---|---|---|
| সাধারণ অনুদান | উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৬ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৬ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় | নির্ধারিত ফরম | সংশ্লিষ্ট উপজেলা/ উপপরিচালকের কার্যালয় এবং মহিলা বিষয় বিষয়ক অধিদপ্তরের website: www.dwa.gov.bd |
| ঘূর্ণায়মান অনুদান | উপজেলা পর্যায়ে ১৫ সেপ্টেম্বর' ২০২৬ জেলা পর্যায়ে ১৫ অক্টোবর' ২০২৬ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয় | নির্ধারিত ফরম | |
| স্বেচ্ছাধীন অনুদান | ফেব্রুয়ারি' ২০২৭ | ১। উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়<br>২। জেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়<br>৩। প্রধান কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা এবং<br>৪। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | নির্ধারিত ফরম | |

২। আবেদন করার যোগ্যতা

ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় নিবন্ধিত হতে হবে।

খ) সাধারণ ও ঘূর্ণায়মাণ অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ১৫/১১/২০২৬ তারিখে ০২ (দুই) বছর পূর্ণ হতে হবে।

গ) স্বেচ্ছাধীন অনুদানের ক্ষেত্রে নিবন্ধনের মেয়াদ ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।

৩। আবেদনের সাথে যে সকল কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে।

ক) রেজিস্টেশন ও হালনাগাদ নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;

খ) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফার্ম কর্তৃক সম্পাদিত হালনাগাদ আউট রিপোর্ট (৩০/০৬/২০২৬ পর্যন্ত ২ বছর);

গ) সংশ্লিষ্ট উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক সরেজমিন হালনাগাদ সমিতি পরিদর্শন মূল্যাবন প্রতিবেদন।

ঘ) সংস্থার বর্তমান কার্যক্রম ও ভবিষ্যত কর্মপরিকল্পনা;

ঙ) নাম, পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন ও পরিচালনা নির্দেশিকা, ২০২১ এর আলোকে ০৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটির তালিকা;

চ) সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থবছরের বাজেট।

ছ) ২০২৪-২০২৫ অর্থবছরে প্রাপ্ত অনুদানের অর্থ (যদি পেয়ে থাকেন) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ;

জ) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য প্রমাণক;

ঝ) ঘূর্ণায়মাণ অনুদানের ক্ষেত্রে সমিতির অফিসের নিজস্ব/ভাড়া বাড়ীর চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে;

৪। নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে বার্ষিক এককালীন সাধারণ/ঘূর্ণায়মাণ/স্বেচ্ছাধীন অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। একটি সমিতি সাধারণ/ঘূর্ণায়মাণ/স্বেচ্ছাধীন যে কোন একটি শ্রেণিতে আবেদন করতে পারবে। একাধিক শ্রেণিতে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের **website: www.dwa.gov.bd** হতে ডাউনলোড করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণ যোগ্য হবে না। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১/০৭/২০২৬

(মর্জিনা ইয়াসমিন)
উপপরিচালক (রেজিঃ ও জনসংযোগ)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৪৯৩৫০৩৯১

CD-1826